




ফসলের নাম	:	সয়াবিন
জাতের নাম	:	বারি সয়াবিন-৭
ছবি	:	
জাতের বৈশিষ্ট্য	:	<p>জীবনকাল ১১৫-১২০ দিন। গাছের উচ্চতা ২২-৩০ সেমি., খাড়া ও খরা সহিষ্ণু। শূঁটির সংখ্যা ৪০-৪৫ টি এবং শূঁটির রং বাদামী। প্রতি শূঁটিতে বীজের সংখ্যা ২-৩ টি। বীজের আকার বড় ও বীজের রং ক্রীম। ফুলের রং সাদা। আউশ/পাট-রোপা আমন-সয়াবিন এবং আউশ/পাট-সয়াবিন-গম/শীতকালীন ফসল শস্য বিন্যাসে চাষের উপযোগী।</p>
উপযোগী এলাকা	:	সমুদ্র উপকূলীয় অঞ্চল বিশেষ করে নোয়াখালী ও লক্ষ্মীপুর।
বপন সময় ও সংগ্রহের সময়	:	<p>বপন সময়: সয়াবিন রবি ও খরিফ উভয় মৌসুমেই বপন করা যায়। শীত মৌসুমে পৌষ মাসের প্রথম দিক থেকে শুরু করে শেষ পর্যন্ত অর্থাৎ ডিসেম্বরের মাঝামাঝি থেকে জানুয়ারির মাঝামাঝি পর্যন্ত বপন করা ভাল।</p> <p>সংগ্রহের সময়: ফসল পরিপক্ব হলে গাছগুলো হলুদ হয়ে আসে ও পাতাগুলো ঝরে পড়তে শুরু করে। এ সময় গাছ কেটে ২/১ দিন রোদে শুকিয়ে লাঠি দিয়ে আস্তে আস্তে পিটিয়ে দানাগুলি আলাদা করা যায়।</p>
ছবিসহ রোগবালাই	:	 <p style="text-align: center;">হলদে মোজাইক রোগ</p>
রোগবালাই দমন ব্যবস্থা	:	<p>জাতটি পাতার হলদে মোজাইক ভাইরাস রোগ সহনশীল। সাদা মাছি ও জাব পোকার মাধ্যমে এ রোগ ছড়ায়। সীমিত পরিসরে এ রোগ দেখা দিলেই গাছটি উপড়িয়ে ফেলে দিতে হবে। এ পোকা দেখা দিলে ম্যালাথিয়ন ৫৭ ইসি ২ মিলি বা ইমিডাক্লোপ্রিড গুপের কীটনাশক ০.৫ মিলি প্রতি লিটার পানিতে মিশিয়ে বিকাল ৩ টার পর ১০ দিন অন্তর দুই বার স্প্রে করে এ পোকা দমনের মাধ্যমে এ রোগ দমন করা যায়।</p>
ছবিসহ পোকামাকড়	:	 <p style="text-align: center;">পাতা মোড়ানো পোকা</p> <p style="text-align: center;">বিছা পোকা</p>
পোকামাকড় দমন ব্যবস্থা	:	<p>সয়াবিনের বিছাপোকা ও পাতা মোড়ানো পোকার জন্য সাইপারমেথ্রিন গুপের কীটনাশক রিপকর্ড ১০ ইসি প্রতি লিটার পানিতে ১ মিলি, হারে মিশিয়ে ছিটাতে হবে</p>

		অথবা ডায়জিনন ৬০ ইসি প্রতি লিটার পানিতে ২ মিলি. হারে ১৫ দিন অন্তর ২ বার ছিটিয়ে এ পোকা দমন করা যায়।
সার ব্যবস্থাপনা	:	প্রতি হেক্টরে ইউরিয়া ৫০-৬০ কেজি, টিএসপি ১৫০-১৭৫ কেজি, এমওপি ১০০-১২০ কেজি, জিপসাম ৮০-১১৫ কেজি রাসায়নিক সারসমূহের সাথে পাঁচ গোবর অথবা কম্পোস্ট ২০ টন হারে জমিতে প্রয়োগ করলে ফলন বৃদ্ধি পায়। সমস্ত জৈব ও অজৈব সার ছিটিয়ে শেষ চাষ ও মই দিয়ে মাটি সমান করে বীজ বপন করা উচিত।
হেক্টর প্রতি ফলন	:	বীজের ফলন প্রতি হেক্টরে ১৯০০-২৮৮০ কেজি।